

যুগান্তর

ইন্টার্ন ব্যয়বধিত শিক্ষার্থীরা

বশেমুরবিপ্রবিতে কৃষি অনুষদের ডিনের পদত্যাগ

👤 বশেমুরবিপ্রবি প্রতিনিধি

🕒 ১৫ মার্চ ২০২৪, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) কৃষি অনুষদের ডিন ড. মো. নাজমুল হক পদত্যাগ করেছেন। এনিম্যাল সাইন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন বিভাগের ২০১৭-১৮ শিক্ষার্থীদের ইন্টার্নশিপ ও প্রয়োজনীয় সুযোগসুবিধা প্রদান না করায় তিনি পদত্যাগ করেছেন। বৃহস্পতিবার রেজিস্ট্রার বরাবর তিনি পদত্যাগপত্র জমা দেন। এতে তিনি জানান, শিক্ষার্থীদের ইন্টার্নশিপ প্রোগ্রামের ব্যয় পরিশোধ না করায় ও ভেটেরিনারি মেডিকেল সংক্রান্ত যাবতীয় সুবিধা পেতে গত ২০ ফেব্রুয়ারি উপাচার্যকে স্মারকলিপি দেয় শিক্ষার্থীরা। এসব সমস্যার সমাধান না হওয়ায় তিনি পদত্যাগ করেছেন। উপাচার্য অধ্যাপক ড. একিউএম মাহবুব বলেন, তিনি নিজের দায়িত্ব এড়িয়ে যেতে পদত্যাগ করেছেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

